

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৭৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৭. কুরআন সাত হরফে অবতীর্ণ হওয়া সম্পর্কে

باب أُنْزِلَ الْقُرْآنُ عَلَى سَبْعَةِ أَحْرُفٍ

### আরবী

حَدَّثَنَا ابْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنِ الْحَكَمِ، عَنْ مُجَاهِدٍ، عَنِ ابْنِ أَبِي لَيْلَى، عَنْ أُبِي بْنِ كَعْبٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ عِنْدَ أَضَاةِ بَنِي غِفَارٍ، فَأَتَاهُ جِبْرِيلُ صلى الله عليه وسلم فَقَالَ: إِنَّ اللهَ عَنَّ وَجَلَّ يَأْمُرُكَ أَنْ تُقْرِئً أُمَّتَكَ عَلَى حَرْفٍ . قَالَ " أَسْأَلُ اللهَ مُعَافَاتَهُ وَمَعْفِرَتَهُ إِنَّ أُمَّتِي لَا تُطِيقُ ذَلِكَ". ثُمَّ أَتَاهُ ثَانِيَةً عَلَى سَبْعَةِ فَذَكَرَ نَحْوَ هَذَا حَتَّى بَلَغَ سَبْعَةَ أَحْرُف قَالَ : إِنَّ اللهَ يَأْمُرُكَ أَنْ تُقْرِئً أُمَّتَكَ عَلَى سَبْعَةِ أَحْرُف قَالَ : إِنَّ اللهَ يَأْمُرُكَ أَنْ تُقْرِئً أُمَّتَكَ عَلَى سَبْعَةِ أَحْرُف قَالَ : إِنَّ اللهَ يَأْمُرُكَ أَنْ تُقْرِئً أُمَّتَكَ عَلَى سَبْعَةِ أَحْرُف قَالَ : إِنَّ اللهَ يَأْمُرُكَ أَنْ تُقْرِئً أُمَّتَكَ عَلَى سَبْعَةِ أَحْرُف قَالَ : إِنَّ اللهَ يَأْمُرُكَ أَنْ تُقْرِئً أُمَّتِكَ عَلَى سَبْعَةِ أَحْرُف قَالَ : إِنَّ اللهَ يَأْمُرُكَ أَنْ تُقْرِئً أُمَّتِكَ عَلَى سَبْعَةِ أَحْرُف قَدَا أَصَابُوا .

\_ صحیح

#### বাংলা

১৪৭৮। উবাই ইবনু কা'ব (রাঃ) সূত্রে বর্ণিত। একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বনু গিফারের কূপ বা ঝর্ণার নিকট অবস্থানকালে জিবরাঈল (আ) এসে বললেন, আল্লাহ আপনার উম্মাতকে এক হরফে (রীতিতে) কুরআন পড়ানোর জন্য আপনাকে আদেশ করেছেন। তিনি বলেন, আমি আল্লাহর কাছে তাঁর ক্ষমা ও উদারতা কামনা করি যে, আমার উম্মাত (ভাষা ও আঞ্চলিকতার বিভিন্নতার দরুন) এই এক হরফে পাঠ করতে সক্ষম হবে না। অতঃপর জিবরাঈল দ্বিতীয়বার এসে আগের মতই বললেন। অবশেষে সাত হরফ পর্যন্ত পৌঁছে বললেন, আল্লাহ আপনার উম্মাতকে সাত হরফে কুরআন পড়াতে আপনাকে আদেশ করেছেন। আপনার উম্মাত এর যে কোনো হরফে পড়লেই তাদের পড়া নির্ভুল হবে।[1]

সহীহ।

# **English**



## Ubayy b. Ka'b said:

The Prophet () was present at the pool of Banu Ghifar, Gabriel came to him and said: "Allah has commanded you to make your community read (the Qur'an) in one harf. He (the Prophet) said: 'I beg Allah His pardon and forgiveness; my community has not strength to do so'. He then came for the second time and told him the same thing till he reached up to seven harfs. Finally, he said: 'Allah has commanded you to make your community read (the Qur'an) in seven harfs; in whichever mode they read, that will be correct.

# ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ কুরআন সাত রকমের উচ্চারণসহ নাযিল হয়েছে- এ কথার অর্থ ও তার বর্ণনা), নাসায়ী (অধ্যায়: ইফতিতাহ, হাঃ ৯৩৮), আহমাদ (৫/১২৭) সকলে শু'বাহ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন